**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 27-11-2025** **Time : 1-30P.M.**

**<u>বিশেষ বিশেষ খবর:</u>–**

১/প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ 'স্কাই রুটে'র ইনফিনিটি ক্যাম্পাসের উদ্বোধন করে বলেছেন, ভারতের মহাকাশ ক্ষেত্র এখন বিশ্ব বিনিয়োগকারীদের কাছে আকর্ষণীয় গন্তব্য হয়ে উঠছে।

২/ 'চাণক্য ডিফেন্স ডায়লগ-২০২৫'-এ যোগ দিয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারতীয় সশস্ত্র বাহিনী দেশের সার্বভৌমত্ব রক্ষার ক্ষেত্রে পেশাদারিত্ব এবং দেশপ্রেমের দৃষ্টান্ত হয়ে উঠেছে।

৩/ আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) জানিয়েছে, ২০২৫-২৬ অর্থবছরে ভারতের অর্থনীতি ৬.৬ শতাংশ হারে বাড়বে বলে অনুমান করা হচ্ছে।

৪/ নতুন দিল্লীর ভারত মন্ডপমে ভারত আন্তর্জাতিক বাণিজ্য মেলা আজ শেষ হচ্ছে।

৫/ দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর ও শ্রীলঙ্কা উপকূলে অবস্থানরত গভীর নিম্নচাপটি ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনার প্রেক্ষিতে উত্তর তামিলনাড়ু, পুদুচেরি ও দক্ষিণ অন্ধ্র উপকূলে জারি হয়েছে সতর্কতা।

*****************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারতের মহাকাশ ক্ষেত্র এখন বিশ্ব বিনিয়োগকারীদের কাছে আকর্ষণীয় গন্তব্য হয়ে উঠছে। আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্কাইরুটের ইনফিনিটি ক্যাম্পাস এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি বক্তব্য রাখেন। প্রধানমন্ত্রী জানান, সরকার মহাকাশ ক্ষেত্রে একাধিক ঐতিহাসিক সংস্কার করেছে। এখন বেসরকারি উদ্ভাবনের জন্য মহাকাশ ক্ষেত্রটি উন্মুক্ত। স্টার্টআপ ও শিল্প প্রতিষ্ঠানগুলো দেশের বৈজ্ঞানিক পরিবেশের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে পারছে। তিনি বলেন, আগামী দিনে বিশ্ব মহাকাশ অর্থনীতি বহুগুণে বাড়বে। এতে ভারতের তরুণদের জন্য নতুন সুযোগ তৈরি হবে।

(বাইট – নরেন্দ্র মোদি)

প্রধানমন্ত্রী আরও বলেন, গত ছয়-সাত বছরে ভারত মহাকাশ ক্ষেত্রকে উন্মুক্ত, সহযোগিতামূলক ও উদ্ভাবন-নির্ভর ব্যবস্থায় পরিণত করেছে। আজ দেশে তিনশ'রও বেশি মহাকাশ স্টার্টআপ কাজ করছে। স্কাইরুটের ইনফিনিটি ক্যাম্পাস ভারতের নতুন চিন্তাধারা, উদ্ভাবন ও তরুণ শক্তির প্রতিফলন বলেও তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী বলেন, ভারতীয় মহাকাশ সংস্থা-ISRO দীর্ঘদিন ধরে দেশের মহাকাশ যাত্রাকে নতুন উচ্চতায় নিয়ে গেছে। নিজস্ব বিশ্বাসযোগ্যতা, সক্ষমতা ও মূল্যবোধের মাধ্যমে ভারত আজ বিশ্ব মহাকাশ অঙ্গনে আলাদা পরিচয় গড়ে তুলেছে বলেও উল্লেখ করেন তিনি।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ থেকে দুই দিনের ছত্তিশগড় সফরে যাবেন। তিনি রায়পুরে পুলিশ মহানির্দেশক ও আইজি-দের সর্বভারতীয় সম্মেলনের ৬০তম সংস্করণে অংশ নেবেন। তিন দিনের এই সম্মেলন ২৮ থেকে ৩০ নভেম্বর পর্যন্ত চলবে। দেশের পুলিশি ব্যবস্থার সামনে থাকা চ্যালেঞ্জ মোকাবিলায় অগ্রগতি সম্মেলনে পর্যালোচনা করা হবে। প্রধানমন্ত্রী মোদি এই অনুষ্ঠানে রাষ্ট্রপতির পুলিশ পদকও প্রদান করবেন। সম্মেলনে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল এবং স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বান্দি সঞ্জয় কুমারও উপস্থিত থাকবেন।

*******************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেন, ভারতীয় সশস্ত্র বাহিনী দেশের সার্বভৌমত্ব রক্ষার ক্ষেত্রে পেশাদারিত্ব এবং দেশপ্রেমের দৃষ্টান্ত হয়ে উঠেছে। নতুন দিল্লিতে আজ চাণক্য ডিফেন্স ডায়ালগ ২০২৫-এ বক্তব্য রাখতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, যখনই দেশের নিরাপত্তা চ্যালেঞ্জের মুখে পড়েছে তখনই ভারতীয় সেনা অসাধারণ ধৈর্য এবং দৃঢ় সংকল্পের পরিচয় দিয়েছে। তিনি আরও বলেন, 'অপারেশন সিন্দুরে'র সাফল্য দেশের সন্ত্রাস দমন এবং প্রতিরোধ কৌশলের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ নজির তৈরী করেছে।

(বাইট- প্রেসিডেন্ট/অপারেশন সিন্দুর )

রাষ্ট্রপতি জোর দিয়ে বলেন যে বিশ্ব কেবল ভারতের সামরিক সক্ষমতাই প্রত্যক্ষ করেনি, বরং শান্তির প্রতিষ্ঠার ক্ষেত্রেও দায়িত্বশীলতার'ও পরিচয় পেয়েছে।

*******************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় ওড়িশা বিধানসভার শীতকালীন অধিবেশনের প্রথম দিনে সদস্যদের উদ্দেশে ভাষণ দেবেন। এই প্রথম, দেশের কোন রাষ্ট্রপতি ওড়িশা বিধানসভায় বক্তব্য রাখবেন। রাষ্ট্রপতি মুর্মু আজ থেকে দুই দিনের জন্য নিজের রাজ্যে সফরে রয়েছেন। তিনি বিধানসভার ১১ নম্বর কক্ষও পরিদর্শন

করবেন, যেখানে তিনি বিধায়ক থাকাকালীন কাজ করতেন। রাষ্ট্রপতির সফর উপলক্ষে কক্ষটি নতুনভাবে সংস্কার করা হয়েছে।

*****************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামী ৩রা ডিসেম্বর কেরালা সফর করবেন। সেখানে নৌবাহিনী দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন তিনি।

নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল দীনেশ কে. ত্রিপাঠী তিরুবনন্তপুরমের শাঙ্গুমুখম সমুদ্র সৈকতে এই অনুষ্ঠানটির প্রধান আয়োজক হিসেবে উপস্থিত থাকবেন। এই প্রদর্শনীতে ভারতীয় নৌবাহিনীর ক্ষমতা এবং পারদর্শীতা প্রদর্শন করা হবে।

*****************************************************************

আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) জানিয়েছে, ২০২৫-২৬ অর্থবছরে ভারতের অর্থনীতি ৬.৬ শতাংশ হারে বাড়বে বলে অনুমান করা হচ্ছে। পণ্য ও পরিষেবা কর (GST) সংস্কার দেশকে মার্কিন যুক্তরাষ্ট্রের আরোপিত ৫০ শতাংশ শুল্কের নেতিবাচক প্রভাব থেকে কিছুটা রক্ষা করবে বলেও উল্লেখ করা হয়েছে।

আইএমএফ-এর বার্ষিক মূল্যায়নে বলা হয়েছে, ভারতের অর্থনীতির ফলাফল এখন ভালো। ২০২৪-২৫ অর্থবছরে ৬.৫ শতাংশ বৃদ্ধি হার অর্জনের পর, চলতি অর্থবছরের প্রথম ত্রৈমাসিকে প্রকৃত জিডিপি ৭.৮ শতাংশ বেড়েছে। উন্নত অর্থনীতি হয়ে উঠার ভারতের লক্ষ্য পূরণে পরিকাঠামোগত সংস্কার চালিয়ে যাওয়া জরুরি বলে জানিয়েছে IMF ।

*****************************************************************

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বলেন, ভারত ও ইন্দোনেশিয়ার মধ্যে হাজার হাজার বছরের পুরনো সভ্যতাগত সংযোগ রয়েছে। উভয় প্রতিবেশীদেশই ইতিহাস, সংস্কৃতি এবং সভ্যতার যৌথ অংশীদার। নতুনদিল্লিতে তৃতীয় ভারত-ইন্দোনেশিয়ার প্রতিরক্ষা মন্ত্রীদের আলোচোনার সময় প্রতিরক্ষা মন্ত্রী এই উদ্বোধনী বক্তব্য রাখেন। শ্রী সিং জোর দিয়ে বলেন , বহুত্ববাদ, সহিষ্ণুতা এবং আইনের শাসনের মূল্যবোধ আমাদের উভয় দেশের জন্য সমসাময়িক সম্পর্কের নতুন দিক দেখাচ্ছে। মন্ত্রী বলেন যে আজকের আলোচনা উভয় দেশের প্রতিরক্ষা সহযোগিতার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

( বাইট - রাজনাথ )

প্রতিরক্ষা মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে এই দ্বিপাক্ষিক বৈঠকে মন্ত্রীরা আঞ্চলিক নিরাপত্তা উন্নয়ন পর্যালোচনা করবেন। এছাড়াও বহুপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা করার কথা তাদের। ইন্দোনেশিয়ার প্রতিরক্ষা মন্ত্রী সাজাফ্রি সাজামসোয়েদ্দিনের এই সফর ভারত-ইন্দোনেশিয়ার প্রতিরক্ষা সম্পর্কের ক্রমবর্ধমান উন্নতির দিকটিই তুলে ধরছে।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*******************************************************************

ভারত আন্তর্জাতিক বাণিজ্য মেলা (IITF) আজ শেষ হচ্ছে। চলতি মাসের ১৪ তারিখে নতুন দিল্লির ভারত মণ্ডপমে শুরু হওয়া ১৪ দিন ব্যাপী এই মেলায় ভারতের বিভিন্ন রাজ্যের সমৃদ্ধ বৈচিত্র্য তুলে ধরা হয়েছে। অংশ নিয়েছিল বিহার, মহারাষ্ট্র, রাজস্থান, উত্তরপ্রদেশএবং ঝাড়খণ্ড। গ্রামীণ উন্নয়ন মন্ত্রক আয়োজিত IITF-তে গ্রামীণ মহিলারা তাদের হস্তশিল্প সকলের সামনে ফুটিয়ে তুলতে সক্ষম হয়েছে।

*******************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশের পর স্কুল সার্ভিস কমিশনে নতুন পরীক্ষা নিয়ে কলকাতা হাইকোর্ট কড়া অবস্থান গ্রহণ করেছে। ২০২৫ সালের নতুন পরীক্ষায় টেন্টেড বা চিহ্নিত অযোগ্য প্রার্থী যাতে কোনোভাবেই সুযোগ পেতে না পারে, তা' অনিশ্চিত করতে বিচারপতি অমৃতা সিন্‌হা বেশ কিছু তথ্য চেয়ে পাঠিয়েছেন। ২০১৬ সালে নিয়োগের সময় প্যানেলের সময়সীমা পেরিয়ে যাওয়ার পর এবং OMR শিট বিকৃত করে নিয়োগ হওয়া চাকরী প্রার্থীদের বিবরণ সহ একাধিক তথ্যের বিস্তারিত তালিকা অবিলম্বে স্কুল সার্ভিস কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করার নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, মামলাকারীদের অভিযোগ, SSC টেন্টেড প্রার্থীদের নতুন পরীক্ষায় বসার অনুমতি দিয়েছে। এর প্রেক্ষিতেই বিচারপতি সিন্‌হা জানিয়েছেন, এই তালিকা অবিলম্বে প্রকাশ করতে হবে, যাতে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন'ই তাদের বাদ দেওয়া যায়।

*********************************************************************

ভারত ও সংযুক্ত আরব আমির শাহি- ইউএই সর্বাত্মক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি সিইপিএ-এর আওতায় তৃতীয় যৌথ কমিটির বৈঠক করেছে। বাণিজ্য মন্ত্রকের অতিরিক্ত সচিব অজয় ভাদু এবং আরব আমির শাহির আন্তর্জাতি বাণিজ্য বিষয়ক সহকারী আন্ডার সেক্রেটারি জুমা আল কাইত বৈঠকে যৌথ সভাপতিত্ব করেন। দুই দেশই দ্বিপাক্ষিক বাণিজ্যের লাগাতার বৃদ্ধিকে স্বাগত জানিয়েছে।

*********************************************************************

সেনা প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, অরুণাচল প্রদেশকে চীনের হাতে তুলে দেওয়া উচিত বলছেন, সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া এমন একটি ভিডিও, কেন্দ্রীয় সরকার ভুয়ো বলে খারিজ করেছে। ভিডিও-টি ডিজিট্যালি বিকৃত করা হয়েছে বলে PIB ফ্যাক্ট চেক ইউনিট জানিয়েছে।

কয়েকটি পাকিস্তানি অ্যাকাউন্ট থেকে এআই-এর মাধ্যমে তৈরী এই ভুয়ো ভিডিও চ্ছড়ানো হচ্ছে বলেও জানিয়েছে সরকার। যাচাই না করে এমন কোনো ভিডিও বা তথ্য শেয়ার না করার জন্য নাগরিকদের অনুরোধ জানানো হয়েছে।

*********************************************************************

জম্মু ও কাশ্মীরে পুলিশ আজ এক তরুণকে সন্দেহভাজন সন্ত্রাসবাদী কার্যকলাপের অভিযোগে গ্রেফতার করেছে। তার কাছ থেকে বাজেয়াপ্ত করা ডিজিটাল ডিভাইসগুলো পরীক্ষা করা হচ্ছে। পুলিশ জানিয়েছে, অভিযুক্ত রিয়াসি জেলার বাসিন্দা হলেও বর্তমানে বাথিন্ডি এলাকায় বসবাস করছিল। প্রাথমিক তদন্তে জানা গেছে, ওই তরুণ সন্ত্রাসবাদী হামলার পরিকল্পনা করছিল। পাকিস্তান সহ বিদেশি কিছু নম্বরের সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ রাখারও প্রমাণ মিলেছে।

*********************************************************************

ফ্লোরিডায় মার্কিন যুক্তরাষ্ট্রের সভাপতিত্বে নির্ধারিত জি-টোয়েন্টি শীর্ষ সম্মেলনে দক্ষিণ আফ্রিকাকে আমন্ত্রণ জানানো হবে না বলে রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করেছেন। দক্ষিণ আফ্রিকে কোথাও সদস্যপদ পাওয়ার যোগ্য নয় বলেও মন্তব্য করেছেন তিনি। ১লা ডিসেম্বর ২০২৫ থেকে ৩০শে নভেম্বর ২০২৬ পর্যন্ত জি-২০-এর সভাপতিত্ব করবে আমেরিকা। ট্রাম্প বলেছেন, দক্ষিণ আফ্রিকার সরকার ডাচ, ফরাসি ও জার্মান

বংশোদ্ভূতদের মানবাধিকার লঙ্ঘনের সমস্যার সমাধান করতে ব্যর্থ হয়েছে। সেই কারণেই মার্কিন যুক্তরাষ্ট্র দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত জি-২০ সম্মেলনে অংশ নেয়নি।

*****************************************************************

দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর ও শ্রীলঙ্কা উপকূলে অবস্থানরত গভীর নিম্নচাপটি গত ছয় ঘন্টায়, ৮ কিলোমিটার প্রতি ঘন্টা বেগে উত্তর-পশ্চিম দিকে সরে গেছে। আগামী ১২ ঘন্টার মধ্যে এটি ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে।

আগামী ৪৮ ঘন্টায় নিম্নচাপটি উত্তর তামিলনাড়ু, পুদুচেরি ও দক্ষিণ অন্ধ্র উপকূলের দিকে অগ্রসর হবে বলে পূর্বাভাস। ২৯ ও ৩০শে নভেম্বর তিরুভাল্লুর, চেন্নাই, চেঙ্গলপট্টু ও কাঞ্চিপুরম জেলায় বিক্ষিপ্ত ভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। চেন্নাই, কুড্ডালোর ও নাগাপট্টিনম বন্দরে ঘূর্ণিঝড় সতর্কতা সংকেত নম্বর ৪ জারি করা হয়েছে। সংকেত নম্বর ৩ জারি হয়েছে তুতিকোরিন, পাম্বান, নাগাপট্টিনম ও কারাইকালে।

*****************************************************************

ইন্দোনেশিয়ার সুমাত্রা দ্বীপের পশ্চিম উপকূলে আজ ভূকম্পন অনুভূত হয়েছে।

মার্কিন ভূতত্ত্ব সর্বেক্ষণ সংস্থা সূত্রে জানা গেছে, রিখটার স্কেলে এর মাত্রা ছিল ছয় দশমিক ৬’ ।

সুমাত্রা সহ ইন্দোনেশিয়ার বিভিন্ন অঞ্চল সাম্প্রতিক সময়ে প্রাকৃতিক বিপর্যয়ের মধ্যে দিয়ে চলেছে। উত্তর সুমাত্রায় বন্যা ও ভূমি ধসে কমপক্ষে ২৮ জনের মৃত্যু হয়েছে। জোরকদমে চলছে ত্রাণ ও উদ্ধারের কাজ।

*****************************************************************